

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৭

উদয়পুর, ৯ মে, ২০২৪

উদয়পুর মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল উদয়পুর মহকুমায় যথাযোগ্য মর্যাদায় রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। গোমতী জিলা পরিষদ, উদয়পুর পুরপরিষদ ও মাতাবাড়ি ইকের সহায়তায় এদিন ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গণে আয়োজন করা হয় প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠান। প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন শিক্ষক মনোজিত ধর, গোমতী জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা মনোজ দেববর্মা, ভাস্কর নন্দন সরকার প্রমুখ। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ সমবেত আবৃত্তি, রবীন্দ্র সংগীত ও রবীন্দ্র নৃত্য পরিবেশন করেন। তাছাড়াও এদিন উদয়পুর মাতাবাড়িস্থিত রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে এবং উদয়পুর টাউনহলে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

\*\*\*\*\*